



শিক্ষার মান ক্রমশ নিম্নমুখী হচ্ছে ॥ ইউজিসি চেয়ারম্যান

প্রকাশিত: ২১ - জুন, ২০১৯ ১২:০০ এ. এম.

- ৪৬ ভার্শিটির সঙ্গে কর্ম সম্পাদন চুক্তি

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষার মান ক্রমশ নিম্নমুখী হচ্ছে এমন মন্তব্য করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ বলেছেন, ইউজিসির মূল দায়িত্ব উচ্চ শিক্ষার গুণগতমান নিশ্চিত করা। বিশ্ববিদ্যালয়ের র্যাংকিংয়ে উপযুক্ত স্থান পেতে ইউজিসি কার্যকর উদ্যোগ নেবে বলেও জানিয়ে তিনি বলেন, যখন আমাদের কিছু ছিল না তখন আমাদের বিশ্ববিদ্যালয় র্যাংকিংয়ে ছিল। এখন বিশেষ ১০ হাজার বিশ্ববিদ্যালয়ের তালিকায়ও আমাদের অবস্থান নেই।

সরকারী কর্মব্যবস্থাপনা পদ্ধতির আওতায় বৃহস্পতিবার ইউজিসি দেশের ৪৬ পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে এসব কথা বলেন ইউজিসি চেয়ারম্যান। ইউজিসি মিলনায়তনে অনুষ্ঠিত চুক্তির মূল উদ্দেশ্য দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সুশাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা এবং উৎকর্ষ সাধন করা।

ইউজিসি সদস্য অধ্যাপক ড. এম শাহ্ নওয়াজ আলির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোঃ আখতার হোসেন, অধ্যাপক ড. দিল আফরোজা বেগম, অধ্যাপক ড. মোঃ সাজ্জাদ হোসেন ও অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর উপস্থিত ছিলেন। কমিশনের সচিব ড. মোঃ খালেদ ও বিশ্ববিদ্যালয়গুলোর রেজিস্ট্রারবৃন্দ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডাঃ কনক কান্তি বড়ুয়াসহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রেজিস্ট্রার, এপিএর ফোকাল পয়েন্ট এবং ইউজিসির কর্মকর্তারা।

অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ আরও বলেন, ইউজিসির মূল দায়িত্ব উচ্চ শিক্ষার গুণগতমান নিশ্চিত করা। উচ্চ শিক্ষার মান উন্নত করতে সকলের সহযোগিতা প্রত্যাশা করছি।

বিশ্ববিদ্যালয়ের র্যাংকিং প্রসঙ্গে ইউজিসি চেয়ারম্যান বলেন, বিশ্ববিদ্যালয়সমূহের র্যাংকিংয়ে উপযুক্ত স্থান পেতে ইউজিসি কার্যকর উদ্যোগ গ্রহণ করবে।

শিক্ষক সম্প্রদায়কে জাতির মেরুদণ্ড আখ্যায়িত করে অধ্যাপক কাজী শহীদুল্লাহ বলেন, তাদের কাছে জাতির প্রত্যাশা অনেক। দেশ ও জাতির প্রত্যাশা পূরণে এ শিক্ষক সম্প্রদায়কে দৃঢ়প্রতিজ্ঞ হতে হবে। উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতি রোধে সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতার বিকল্প নেই মন্তব্য করে ইউজিসি চেয়ারম্যান বলেন, আগামীর চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে হবে।

উল্লেখ্য, সম্প্রতি লন্ডনভিত্তিক সাপ্তাহিক ম্যাগাজিন ‘টাইমস হায়ার এডুকেশন’ তাদের পরিচালিত একটি জরিপ প্রতিবেদন প্রকাশ করে। সেই জরিপ অনুযায়ী এশিয়ার ৪১৭টি সেরা বিশ্ববিদ্যালয়ের একটি তালিকা প্রকাশ করে প্রতিষ্ঠানটি। তবে তালিকায় বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয়ের নাম নেই।

বিশ্ববিদ্যালয়গুলোর পাঠদান, গবেষণা, জ্ঞান আদান-প্রদান এবং আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি-এই চারটি মৌলিক বিষয়ের ওপর ভিত্তি করে পরিচালিত জরিপে নেপালের ত্রিভুবন বিশ্ববিদ্যালয়ের নাম আছে। নাম আছে শ্রীলঙ্কার ‘ইউনিভার্সিটি অব কলম্বোর।

এশিয়ার সেরা শিক্ষা প্রতিষ্ঠান চীনের ‘সিংহুয়া বিশ্ববিদ্যালয়’। গত বছর এক নম্বরে থাকা ‘ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুর’ এবার দুই নম্বর অবস্থানে। তৃতীয় স্থানে রয়েছে ‘হংকং ইউনিভার্সিটি অব সায়েন্স এ্যান্ড টেকনোলজি’। চীনের ৭২টি, ভারতের ৪৯টি, তাইওয়ানের ৩২টি, পাকিস্তানের ৯টি, হংকংয়ের ৬টি বিশ্ববিদ্যালয়ের নাম আছে তালিকায়।

ইউজিসির চেয়ারম্যান ও তিন সদস্যকে সংবর্ধনা : ইউজিসির নতুন চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ এবং তিন সদস্যকে সংবর্ধনা দেয়া হয়েছে। ইউজিসি অফিসার্স এ্যাসোসিয়েশন ও কর্মচারী ইউনিয়ন যৌথভাবে এ সংবর্ধনার আয়োজন করে। সম্প্রতি অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ ইউজিসির ১৩তম চেয়ারম্যান এবং অধ্যাপক ড. দিল আফরোজা বেগম, অধ্যাপক ড. সাজ্জাদ হোসেন ও অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর কমিশনে পূর্ণকালীন সদস্য হিসেবে কমিশনে যোগদান করেন।

অনুষ্ঠানে অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ বলেন, ইউজিসির চ্যালেঞ্জ উচ্চ শিক্ষায় জাতির প্রত্যাশা পূরণ করা। এ লক্ষ্য পূরণে তিনি সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। তিনি কমিশনের সকলকে শৃঙ্খলা ও দায়িত্বের সঙ্গে দায়িত্বরিত কাজ করার আহ্বান জানান।

কমিশনের সচিব ড. মোঃ খালেদের সভাপতিত্বে অনুষ্ঠানে ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোঃ আখতার হোসেন ও অধ্যাপক ড. এম. শাহুওয়াজ আলি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

